গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৪১.১৮.০৪৭.১৯-২১৪

২৯ ভাদ্র ১৪২৮
তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ট্রেন দুর্ঘটনা প্রতিরোধকল্পে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ৩১.০৮.২০২১ তারিখ ট্রেন দুর্ঘটনা প্রতিরোধকল্পে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৩/০৯/২০২১
(আ.স.ম. আশরাফুল আলম)
উপসচিব
☏+৮৮০২৪১০৫০২৪৪
admin6@mor.gov.bd

বিতরণ: (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে রেঞ্জ, কমলাপুর, ঢাকা।
৪। যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৬। অতিরিক্ত মহাপরিচালক (আরএস/আই/অপারেশন/অর্থ/এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম/রাজশাহী।
৮। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১০। চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম/রাজশাহী।
১১। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে ঢাকা/ চট্টগ্রাম/ পাকশী/লালমনিরহাট।
১২। স্টেশন ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/চট্টগ্রাম।

অনুলিপি:

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ( মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) শাখা
www.mor.gov.bd

**বিষয়: ট্রেন দুর্ঘটনা প্রতিরোধকল্পে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ নূরুল ইসলাম সুজন, এম.পি<br>মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ৩১ আগস্ট, ২০২১ |
| সময় | : | দুপুর ১২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৯৩০) |

**সভার উপস্থিতি:**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের সচিব, অতিরিক্ত সচিবগণ, যুগ্মসচিব (প্রশাসন), বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (সকল), সরকারি রেল পরিদর্শক এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন; উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

০২। **প্রারম্ভিক আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন, দেশ এগিয়ে যাচ্ছে সেই সাথে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ রেলওয়ে। ট্রেন দুর্ঘটনা আগের চেয়ে অনেক কমে এসেছে। তিনি ট্রেন দুর্ঘটনা শূন্যের কোঠায় নামিয়ে আনতে উদ্যোগ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। সচিব, রেলপথ মন্ত্রণালয় বলেন, ১৭/০২/২০২১ তারিখে মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় এর সভাপতিত্বে ট্রেন দুর্ঘটনা প্রতিরোধকল্পে করণীয় নির্ধারণ করার লক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক রেল দুর্ঘটনা রোধকল্পে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন, মনিটরিং ও অগ্রগতি পর্যালোচনার জন্য ত্রৈমাসিক সভার অংশ হিসেবে এ সভার আয়োজন করা হয়েছে। তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন) কে সভায় সাম্প্রতিক কালের রেল দুর্ঘটনার তথ্যসহ সামগ্রিক তথ্য ও গৃহীত ব্যবস্থা সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

২.২ রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ২০১৪ সাল হতে এ যাবৎ ট্রেন দুর্ঘটনার বিস্তারিত বিবরণ পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে সভায় উপস্থাপন করেন এবং ২০১৮ সালে সংঘটিত ০৮টি দুর্ঘটনার সংক্ষিপ্ত বিবরণ পেশ করেন। দুর্ঘটনার কারণ হিসেবে চিহ্নিত রেলপথ (রেলওয়ে ট্র্যাক), রোলিং স্টক, সিগন্যালিং ত্রুটি, লেভেল ক্রসিং, লোকোমোটিভের/ক্যারেজের ত্রুটি, চালকের অবহেলা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয়।

২.৩ অতিরিক্ত মহাপরিচালক (আই) সভায় বলেন, রেলপথ রক্ষণাবেক্ষণ করা জরুরি। মুজিববর্ষ উপলক্ষে প্রায় ৮৫০ কি: মি: রেলপথ (রেলওয়ে ট্র্যাক) সংস্কার/মেরামতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কারিগরি দিকগুলো বিবেচনায় নিয়ে সংস্কার/মেরামতের কার্যক্রম বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান, মালবাহী ট্রেনগুলোতে বেশি দুর্ঘটনা হয়ে থাকে। রেলওয়ে ট্র্যাক রাতারাতি ভালো করা সম্ভব নয়, তবে বর্তমান ব্যবস্থাপনাকে ঠিক রেখে ট্রেনের লাইন ঠিক করার ব্যবস্থা নেয়া হচ্ছে।

২.৪ অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) সভাকে জানান, ট্রেন দুর্ঘটনার দায়-দায়িত্ব নির্ধারণে সুপারভাইজিং অফিসারদের জড়িত করা প্রয়োজন। শুধু ট্র্যাক নয় যানবাহনের জন্যও দুর্ঘটনা ঘটে। রেলওয়ের জনবলের অভাব রয়েছে। একজন প্রায় ৩/৪ জনের অতিরিক্ত দায়িত্বে কাজ করে যাচ্ছে। তদন্ত কমিটির রিপোর্টের পর ক্ষয়-ক্ষতির বিষয়টি নির্ধারণ করা হয়ে থাকে ফলে ক্ষয়ক্ষতির তথ্য বিলম্বে পাওয়া যায়।

২.৫ সরকারী রেল পরিদর্শক জানান, প্রায় ১০০০টি বৈধ এবং অবৈধ লোকবলবিহীন লেভেল ক্রসিং রয়েছে। এগুলোর কারণেই মূলত: দুর্ঘটনা ঘটছে। তিনি একটি আনম্যান্ড সিগন্যালিং ব্যবস্থা পরীক্ষামূলকভাবে চালু করেছেন যা ১ বছর ৪ মাস যাবৎ চলছে। এমতাবস্থায় লেভেল ক্রসিং থেকে ট্রেন দেড় কিলোমিটার দূরে থাকা অবস্থায় এটি সংকেত দিয়ে থাকে। তিনি ব্যস্ত গেইটগুলোতে unmanned gate device বসানোর প্রস্তাব করেন।

২.৬ জিআরপি এর পুলিশ সুপার, ঢাকা জানান, ১৩ আগস্ট ২০২১ তারিখ পুবাইলে ৩৬ টন এলপিজি গ্যাস নিয়ে যে গাড়ি যাচ্ছিল তা অতিরিক্ত মালামাল নিয়ে যাচ্ছিল। ওভার লোডেড গাড়ি লেভেল ক্রসিং এ আসলে গতি কমাতে হয় এবং লেভেলক্রসিং এর উচ্চতার কারণে অনেক সময় গাড়িগুলোর স্টার্ট বন্ধ হয়ে যায়। এতে দুর্ঘটনা ঘটে থাকে। তিনি এলপিজি বহনকারি ট্রাকের সাথে রেলের সংঘর্ষ হলে আরো বড় ধরনের দুর্ঘটনা হতে পারতো বলে অভিমত প্রকাশ করেন। তিনি রেলওয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতিটি দুর্ঘটনার পরে দ্রুত আইনগত ব্যবস্থার অংশ হিসেবে মামলাদায়েরের পরামর্শ দেন।

২.৭ সচিব, রেলপথ মন্ত্রণালয় বলেন, সিলেটে তেলের গাড়িতে সংঘটিত দুর্ঘটনার দায়-দায়িত্ব নির্ধারণ করা হয়েছে কি-না এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেয়া হয়েছে এর উত্তরে কোন সঠিক জবাব পাওয়া যায়নি। রেল পরিচালনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক আন্তরিকতা ও নিষ্ঠার সাথে যথাযথ দায়িত্ব সম্পাদন নিশ্চিত না করা পর্যন্ত কেবলমাত্র দুর্ঘটনার পরে তদন্ত করে বা সভা ডেকে আলোচনা করে দুর্ঘটনা হ্রাস করা সম্ভব নয় মর্মে মন্তব্য করেন। তিনি সিনিয়র কর্মকর্তাদের পর্যবেক্ষণ ও পরিদর্শন বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন।

২.৮ সংঘটিত রেল দুর্ঘটনা ও তার সম্ভাব্য প্রতিকার প্রসংগে সভাপতি বলেন, দুর্ঘটনা ঘটার পর যে তদন্ত কমিটি গঠন করা হয় সেখানে দায়-দায়িত্ব নির্ধারণ, আর্থিক ক্ষতির পরিমাণ ইত্যাদি বিষয়গুলো সামনে আসে না। অর্থাৎ দায়-দায়িত্ব নির্ধারণ, রেলের আর্থিক ক্ষতির পরিমাণ, প্রদেয় ক্ষতিপুরণ, দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে গৃহিত ব্যবস্থা ইত্যাদি উল্লেখপূর্বক দায়ী কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতার আওতায় নেয়ার পাশাপাশি সে সকল বিষয়ে ভবিষ্যতে যথাযথ সতর্কতা অবলম্বন অত্যন্ত জরুরি। তিনি আরও বলেন, রেল হেলে দুলে চলছে এটা দেখে জনগণ নেতিবাচক মন্তব্য করে থাকে। লোকোমোটিভের ক্রটি থাকলে তা মেরামত/রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেয়া হোক। যার যা দায়িত্ব তা সঠিকভাবে পালন করার মাধ্যমে রেলকে আরামদায়ক ও নিরাপদ জনবান্ধব ভ্রমণের বাহন হিসেবে ব্যবহার করা যাবে। তিনি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট সকলকে অধিকতর নিষ্ঠা ও সতর্কতার সাথে দায়িত্ব পালন করে রেলকে আরও এগিয়ে নেয়ার আহ্বান জানান।

০৩। বিস্তারিত অলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | আগস্ট, ২০২১ মাসে সংঘটিত ট্রেন দুর্ঘটনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগস্ট, ২০২১ মাসে সংঘটিত ০৮টি দুর্ঘটনার বিষয়ে মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) কর্তৃক তদন্ত করে তদন্ত রিপোর্ট রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচাক বাংলাদেশ রেলওয়ে |
| ৩.২ | দুর্ঘটনার তদন্ত রিপোর্টের ভিত্তিতে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | তদন্ত রিপোর্টে দুর্ঘটনাজনিত ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপন করত: সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থা রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক(পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে |

২৬

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | দেশের কোথাও ট্রেন দুর্ঘটনা সংঘটিত হলে তা তাৎক্ষণিকভাবে জানানোর বিষয়ে আলোচনা হয়। | দেশের কোথাও রেল দুর্ঘটনা সংঘটিত হলে তা তাৎক্ষণিকভাবে সেলফোন/এসএমএস এর মাধ্যমে মাননীয় মন্ত্রী ও সচিব, রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) ও মহাব্যবস্থাপক(পূর্ব/পশ্চিম) |
| ৩.৪ | রেলপথের ট্র্যাক রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণের জন্য সেকশন ভিত্তিক দায়-দায়িত্ব সুনির্দিষ্ট করে অফিস আদেশ জারির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রেলপথের ট্র্যাক রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণের জন্য সেকশন ভিত্তিক দায়-দায়িত্ব সুনির্দিষ্ট করে অফিস আদেশ জারি করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রধান প্রকৌশলীর তত্ত্বাবধানে প্রতিবেদন প্রণয়নের মাধ্যমে করণীয় অবহিত করবেন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে অতিরিক্ত মহাপরিচালক (আই) এবং মহাব্যবস্থাপক(পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৫ | সড়ক ও মহাসড়কে স্থাপিত রেলক্রসিং সংস্কার/ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা। | সড়ক ও মহাসড়কে স্থাপিত রেলক্রসিং সংলগ্ন সড়ক সংস্কার/মেরামত/ব্যবস্থাপনা উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক ও মহাসড়ক বিভাগ/স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব/সচিব বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৬ | মাঠ পর্যায়ে উর্ধ্বতন কর্মকর্তাগণের পর্যবেক্ষণ/পরিদর্শন বাড়ানো ও সুপারভাইজিংয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণের মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ ও পরিদর্শন বাড়ানোসহ সুপারভাইজিং তৎপরতা আরও বৃদ্ধি করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৩.৭ | ট্র্যাক/পণ্যবাহী যানবাহন লেভেলক্রসিং পার হওয়ার সময় দুর্ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত আলোচনা হয়। | ট্র্যাক/পণ্যবাহী যানবাহন লেভেলক্রসিং পার হওয়ার সময় দুর্ঘটনা ঘটালে গাড়ির চালক ও গাড়ির মালিকের বিরুদ্ধে রেলওয়ে পুলিশ কর্তৃক মামলা দায়ের এবং গাড়ি ও চালককে আটক করতে হবে। | অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক রেলওয়ে রেঞ্জ, কমলাপুর, ঢাকা এবং মহা ব্যবসাপক (পূর্ব/পশ্চিম) |

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬

০১/৪/২০২৩

(মোঃ নূরুল ইসলাম সুজন এম.পি.)
মন্ত্রী
রেলপথ মন্ত্রণালয়।

৩১/০৮/২০২১ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়ের সভাপতিত্বে ট্রেন দুর্ঘটনা প্রতিরোধকল্পে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা :

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই-মেইল |
|---|---|---|---|
| ০১। | জনাব মো: সেলিম রেজা<br>সচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৮১-৯২৬১৭৩৫ |
| ০২। | জনাব ধীরেন্দ্র নাথ মজুমদার<br>মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩৮৩ |
| ০৩। | জনাব মো: হাবিবুর রহমান<br>অতিরিক্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৯৭-১২৬৩২২৩ |
| ০৪। | ড. ভুবন চন্দ্র বিশ্বাস<br>অতিরিক্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৩৮৯৫২২ |
| ০৫। | জনাব জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্ম সচিব | রেলপথ মন্ত্রণালয় | - |
| ০৬। | জনাব আ.স.ম আশরাফুল আলম<br>উপসচিব (প্রশাসন-৬) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | |
| ০৭। | জনাব মীর আলমগীর হোসেন<br>উপসচিব (প্রশাসন-৪) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৭৫ |
| ০৮। | জনাব নাজমুল হুদা শামিম<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৩১০১১৫ |
| ০৯। | জনাব পল্লব কুমার সরকার<br>সহকারী প্রোগ্রামার | রেলপথ মন্ত্রণালয় | ০১৭২-২৩০৬১১৬ |
| ১০। | জনাব মো: জহিরুল ইসলাম<br>চীফ কমান্ড্যান্ট/পূর্ব | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৪ |
| ১১। | মোহা: আশাবুল ইসলাম<br>চীফ কমান্ড্যান্ট/পশ্চিম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৫ |
| ১২। | জনাব মো: শহিদুল ইসলাম<br>সিও পিএস/(পশ্চিম) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১০৮ |
| ১৩। | জনাব মোহাম্মদ আহছান উল্যা ভূঁঞা<br>সিসিএম (পশ্চিম) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১১৫ |
| ১৪। | মোহাম্মদ নাজমুল ইসলাম<br>সিসিএম (পূর্ব) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১১৪ |

| | | | |
|---|---|---|---|
| ৩১। | জনাব তারেক মো: সামছ তুষার<br>ডি.আর.এম/চট্টগ্রাম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১-৫০৬১৩৮ |
| ৩২। | শাহ সুফী নুর মোহাম্মদ | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১-৫০৬১৩৬ |
| ৩৩। | জনাব মো: মিজানুর রহমান<br>অতিরিক্ত সিসিএম/পূর্ব | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১-৬৯১৫৩৩ |
| ৩৪। | জনাব মো: মহিউদ্দিন আরিফ<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ পূর্ব | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১-৬৯১৫২৯ |